


নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০১৩.১৬/২০২

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৬
২৫ মার্চ, ২০২০

নোটিশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.০৩.২০২০ তারিখের ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ সংখ্যক স্মারকের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ২৬.০৩.২০২০ হতে ০৪.০৪.২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডে ২০২০-২০২১ অর্থবছরের খসড়া জাতীয় বাজেট প্রস্তুতের কার্যক্রম চলছে। এ ছাড়া করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের জন্য শুল্কহার পরিবর্তন বা অন্য যেকোন বিষয়ে সরকার হতে নির্দেশনা আসতে পারে। এই পরিস্থিতিতে সাধারণ ছুটিকালীন সময়ে বোর্ডের কোন কোন শাখাকে স্বল্পকালীন সময়ে খোলা রাখতে হতে পারে। সে প্রেক্ষিতে সাধারণ ছুটিকালীন সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশমতে যদি কোন শাখা খোলা রাখার প্রয়োজন হয় সে সকল শাখায় সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের তাঁর শাখায় উপস্থিত থাকার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।


২৫/০৩/২০২০

(শারমিন আরা)
সিনিয়র সহকারী সচিব
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৮৩১৮১২০-২৬/ এক্সঃ-৩৭৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (অফিস খোলার প্রয়োজন হলে যানবাহন, লিফট, অফিস প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
০৪. জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।